

আমি, জেনে শুনে বিষ করেছি পান ।  
প্রাণের আশা ছেড়ে সঁপেছি প্রাণ ।  
যতই দেখি তারে ততই দহি,  
আপন মনোজ্বালা নীরবে সহি,  
তবু পারি নে দূরে যেতে, মরিতে আসি,  
লই গো বুক পেতে অনল-বাণ ।  
যতই হাসি দিয়ে দহন করে,  
ততই বাড়ে তৃষা প্রেমের তরে,  
প্রেম-অমৃত-ধারা ততই যাচি,  
যতই করে প্রাণে অশনি দান ।

---

Parjaay: Mayar Khela, Taal: Teyora, Raag: Desh  
Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail